## 216783 - যে ব্যক্তি ফরয গোসলের সময় কুলি করতে ও নাকে পানি দিতে ভুলে গেছে; এরপর শরীর শুকিয়ে যাওয়ার পর মনে পড়েছে; এমতাবস্থায় পরবর্তীতে কুলি করা ও নাকে পানি দেয়ায় তার গোসল কি সঠিক হবে?

প্রশ্ন

গত রমযানের আগের রমযানে আমার স্বপ্নদোষ হয়েছিল। ফরয গোসলের সময় আমি কুলি করতে ও নাকে পানি দিতে ভুলে গেছি। কিন্তু গোসলের পর ও শরীর শুকিয়ে যাওয়ার পর আমার স্মরণ হয়েছে ও আমি ওযু করেছি। তখন আমি ফিকাহ নিয়ে পাস করা আমার ভাইকে জিজ্ঞেস করলাম। সে বলল: জায়েয হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হলো: এটা কি সহিহ জায়েয? আর যদি নাজায়েয হয়; তাহলে গোসলের পরের দিনগুলোর নামায ও রোযা কি আমাকে কাযা পালন করতে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আপনার গোসল সঠিক হয়েছে। আপনার উপর কোন কিছু বর্তাবে না; ইনশাআল্লাহ্। আপনি গোসলের পর ও শরীর শুকিয়ে যাওয়ার পর কুলি করা ও নাকে পানি দেয়া কোন সমস্যা নয়। কেননা এটি গোসলের পরম্পরায় ব্যত্যয় ঘটায়নি। কেননা গোসল করা এবং কুলি করা ও নাকে পানি দেয়ার মধ্যে বিচ্ছেদ ঘটিয়েছে শুকিয়ে যাওয়া; যা স্বল্প সময় হিসেবে গণ্য, যার মাধ্যমে পরম্পরা কর্তিত হয়নি। অনুরূপভাবে কুলি করা ও নাকে পানি দেয়া বিলম্বে গোসলের পর করায় সেটি ফরয গোসলকে ক্ষতিগ্রস্ত করবে না। কেননা গোসলের অঙ্গগুলো ধোয়ার ক্ষেত্রে ক্রমধারা ওয়াজিব নয়।

তাছাড়া গোসলে কুলি করা ও নাকে পানি দেয়ার শর্তটি ধর্তব্য হওয়ার ক্ষেত্রে আলেমদের মধ্যে ধর্তব্যযোগ্য মতভেদ রয়েছে। যেহেতু আপনি আপনার ধারণায় ফিকাহ-তে বিশেষজ্ঞ কাউকে জিজ্ঞেস করেছেন এবং আপনাকে ধর্তব্যযোগ্য একটি মতানুযায়ী ফতোয়া দিয়েছেন সুতরাং তার কথা অনুযায়ী আপনার আমল করতে কোন সমস্যা নেই। বরং এটাই আপনার উপর অনিবার্য; যতক্ষণ পর্যন্ত না তার কথার কোন ভুল প্রমাণিত না হয়। সুতরাং যা অতিবাহিত হয়েছে সেটা সঠিকভাবে সম্পাদিত হয়েছে। আপনাকে কোন আমল পুনরায় আদায় করতে হবে না।

বিশেষ দ্রষ্টব্য: রোযা শুদ্ধ হওয়ার শর্ত এটি নেই যে, রোযাকালে ব্যক্তিকে পবিত্র অবস্থায় থাকতে হবে; যেমনটি ইতিপূর্বে 181351 নং প্রশ্নোত্তরে বর্ণিত হয়েছে।

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে কোন ব্যক্তি যদি ফরয গোসল না করে কিংবা গোসল করলেও সেটা সঠিক না হয়, এরপর সেই ব্যক্তি রোযা রাখে; তাহলে সেই অবস্থায়ও তার রোযা রাখা সহিহ।

আল্লাহই সর্বজ্ঞ।